



**Heroic Freedom Fighter Prof. Dr. ArupRatan Choudhury**

BDS, PhD, FDSRCS (England)  
Founder President, MANAS  
Recipient of "Ekushe Podok" (National Award)  
Recipient of "Tobacco or Health" Award by WHO

**বীর মুক্তিযোদ্ধা অধ্যাপক ড. অরুপরতন চৌধুরী**

বিডিএস, পিএইচডি, এফডিএসআরসিএস (ইংল্যান্ড)  
প্রতিষ্ঠাতা সভাপতি, মানস  
একুশে পদকপ্রাপ্ত সমাজসেবক (জাতীয় পুরস্কার)  
বিশ্ব স্বাস্থ্য সংস্থার 'টোব্যাকো অর হেলথ্ মেডেল প্রাপ্ত'  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বিশ্ব তামাকমুক্ত দিবস সম্মাননা প্রাপ্ত (২০১৬)

বরাবর

বার্তা সম্পাদক/প্রধান প্রতিবেদক

.....

ঢাকা ১১ ফেব্রুয়ারি, ২০২৩

**সংবাদ বিজ্ঞপ্তি**

**মাদকমুক্ত সমাজ গড়তে হলে তরুণ যুবাদের এগিয়ে আসতে হবে: ড. অরুপরতন**

মাদকমুক্ত সমাজ গড়তে হলে তরুণ যুবাদের এগিয়ে আসতে হবে। আমরা শান্তির একটি সমাজ প্রতিষ্ঠা করতে চাই। মাদকের বিষাক্ত ছোবলে ইতিমধ্যে যারা বিপথগামী হয়ে গেছেন, তাদেরকে সুস্থ সুন্দর জীবনে ফিরিয়ে নিয়ে আসতে হবে। মহৎ এই কাজে সরকারের পাশাপাশি সমাজ সচেতন মানুষকে দল, মত নির্বিশেষে এগিয়ে আসা প্রয়োজন। মাদকদ্রব্য ও নেশা নিরোধ সংস্থা (মানস) এর প্রতিষ্ঠাতা সভাপতি, একুশে পদকপ্রাপ্ত শব্দসৈনিক বীর মুক্তিযোদ্ধা অধ্যাপক ড. অরুপরতন চৌধুরী গত ১১ ফেব্রুয়ারি, ২০২৩ সকালে সিলেটের ওসমানী নগর উপজেলার তাজপুর কদমতলাস্থ একটি কমিউনিটি সেন্টারে "ফ্রি মেডিকেল ক্যাম্প ও মাদক বিরোধী আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে উপরোক্ত মতামত ব্যক্ত করেন। মাদকের নেতিবাচক দিকগুলো সমাজের সর্বস্তরে ছড়িয়ে দেয়ার লক্ষ্যে সকলকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করার আহ্বান জানান ড. অরুপরতন।

মাদকদ্রব্য ও নেশা নিরোধ সংস্থা-মানস ওসমানী নগর উপজেলা শাখা উক্ত অনুষ্ঠান আয়োজন করে। মানস ওসমানী নগর উপজেলা শাখার সভাপতি এডভোকেট সাজ্জাদুর রহমানের সভাপতিত্বে সভায় বিশেষ অতিথি ছিলেন অবসরপ্রাপ্ত সরকারী কর্মকর্তা ও কবি মুহিবুর রহমান কিরণ, ওসমানী নগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি, সাবেক তাজপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আতাউর রহমান, ওসমানপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ওলিউল্লাহ বদরুল, উমরপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান গোলাম কিবরিয়া, তাজপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ঝলক পাল, মানস সিলেট শাখার সমন্বয়ক সমর দাশ, মানস সিলেট জেলা শাখার সভাপতি হেলাল আহমদ, সহ-সভাপতি এডভোকেট কল্যাণ চৌধুরী, হুমিকেশ রায় শংকর, সাধারণ সম্পাদক মিহির মোহন, সিলেট মহানগর শাখার সভাপতি সন্তোষ পাল, লামাকাজী ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান লালা মিয়া।

মানস ওসমানী নগর উপজেলা শাখার কোষাধ্যক্ষ বিপুল পুরকায়স্থের পরিচালনায় শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন হাফেজ শাহজাহান আহমেদ। স্বাগত বক্তব্য রাখেন শাখার সাধারণ সম্পাদক মিসবাহ উদ্দিন রনি। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন শাখার সহ সাধারণ সম্পাদক জুনেদ আহমদ, সাংগঠনিক সম্পাদক মো. নুরুল ইসলাম, সহ সাংগঠনিক সম্পাদক ইমরান আহমদ, প্রচার সম্পাদক সুশান্ত কপালী প্রমুখ। ড. অরুপরতন চৌধুরীর সংক্ষিপ্ত জীবনী পাঠ করেন সিলেট বেতারের ঘোষিকা পূর্বী দেব।

দিনব্যাপি ফ্রি মেডিকেল ক্যাম্প এলাকার বিপুল সংখ্যক মানুষের স্বাস্থ্য পরীক্ষা ও রোগীদেরকে প্রয়োজনীয় ঔষধপত্র প্রদান করা হয়। সভার শুরুতে মানস ওসমানী নগর উপজেলা শাখার পক্ষ থেকে ড. অরুপরতন চৌধুরীকে ফুলেল শুভেচ্ছা জানান নেতৃবৃন্দ।

বার্তা প্রেরক-

(মো. আবু রায়হান)

প্রকল্প কর্মকর্তা, মাদকদ্রব্য ও নেশা নিরোধ সংস্থা (মানস)

প্রয়োজনে: ০১৯৭৭-৫৪১৮৭১